



## বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ কুর্মিটোলা

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

[www.bafsk.edu.bd](http://www.bafsk.edu.bd)

### অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

১। বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ কুর্মিটোলায় নিম্নবর্ণিত পদে প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে :

| শাখা       | ভার্সন           | পদবী          | বিষয়/পদ ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|------------|------------------|---------------|-------------------|--|
| কলেজ শাখা  | বাংলা<br>ভার্সন  | প্রভাষক       | পদার্থ- ০১ জন     | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রী। অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদী ২য় শ্রেণি/সমমানের (সম্মান) ডিগ্রী।  |
| স্কুল শাখা | ইংরেজি<br>ভার্সন | সহকারী শিক্ষক | রসায়ন-০১ জন      | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রী। অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদী ২য় শ্রেণি/সমমানের (সম্মান) ডিগ্রী।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রী পর্যায়ে ৩০০ নম্বর থাকতে হবে। |

২। আবেদনের তারিখ : ১০ এপ্রিল ২০২৫ থেকে ১৫ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত) অফিস কক্ষে জমা দেওয়া যাবে।

৩। আবেদনের নিয়মাবলী : প্রার্থীকে আবেদনপত্রে সাথে "বিএএফ শাহীন কলেজ কুর্মিটোলা"-এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার পে অর্ডারসহ প্রার্থীর রসিদ ছবি এবং শিক্ষাগত যোগ্যতার অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হবে।

৪। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর, তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৫। পরীক্ষা : যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শ্রেণিকক্ষে পাঠদান (Class Demonstration) এবং মৌখিক (Viva Voce) পরীক্ষার তারিখ, সময় ও স্থান আবেদনকারীকে যথাসময়ে ই-মেইল এবং এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৬। শর্তাবলি : প্রার্থীদেরকে উল্লেখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোনো আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭। সর্বসাকুল্যে মাসিক বেতন : প্রভাষক ৩২,০০০.০০ হাজার টাকা এবং সহকারী শিক্ষক ২২,০০০.০০ বাইশ হাজার টাকা। এছাড়া প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী উৎসব ভাতা প্রদান করা হবে।

অধ্যক্ষ

বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ কুর্মিটোলা